# HARIMOHAN GHOSE COLLEGE

J-206/208A, Paharpur Road
Kolkata-700024

# HISTORIUM

## Departmental Magazine, Department of History



# HARIMOHAN GHOSE COLLEGE

## DEPARTMENTAL MAGAZINE


## 'HISTORIUM'

## VOL.I

## (2023)

# FROM THE DESK OF THE PRINCIPAL

I am very glad to know that department of History of Harimohan Ghose College is going to publish their first departmental magazine. Now having completed so many years of service to the society, the department is taking initiative to enrich academic activities through this publication.I wish the teachers as well as students of this department the very best.



**Dr.PRABIR BISWAS**
**PRINCIPAL**

**HARIMOHAN GHOSE**
**COLLEGE**

# FROM THE DESK OF THE FACULTY

**Harimohan Ghose College** has been the hub of higher education since its inception in 1963. Both the teachers and the students have worked together to give shape to a number of streams,courses & subjects.The Department of History unfurled its flag right from the inception of the college ( Honours starting from 2001). Both the predecessors and the present professors of the department have put in their efforts to nurture various activities of the department. The only shortcoming of the department so far has been the lack of a departmental Magazine.

Now the teachers & the students have jointly overcome this limitation and initiated the venture of introducing a Departmental Magazine- "HISTORIUM ". ;Historium' today and tomorrow will be a nest of publications of students and teachers that will enlighten the department in the years to come.

May "HISTORIUM" bloom to its full potential



*Prof. Sanchita Sen*

*Associate Professor &*

*Head,*

*Department of History*



*Dr.Sayantani Sur*

*Assistant Professor,*

*Department of History*



*Prof.Shayanti Hazra*

*Guest Lecturer,*

*Department of History*

## A) TABLE OF CONTENTS ARTICLES :

Page No.


i) HIDDEN IN HISTORY : THE STORY OF NEERA ARYA 5

ii) অগ্নিকন্যা ননীবালা 8

iii) ইতিহাসের এক ব্যতিক্রমী নারী লীলা দাস 10

iv) ভারতের স্বাধীনতা সংগ্রামে মাতাঙ্গিনী হাজরা 11

v) অগ্নিকণ্যা প্রীতিলতা ওয়াদ্দেদার 13

vi) ROLE OF WOMEN IN INDIAN FREEDOM MOVEMENT 14

vii) বীর বীরাঙ্গনা মাতঙ্গিনী হাজরা 16

viii) PIONEERING WOMEN WARRIORS AND THEIR INDELIBLE IMPACT ON INDIA'S FREEDOM MOVEMENT 18


## B) TABLE OF CONTENTS PORTRAITS :


i) PORTRAIT OF RANI LAXMI BAI 23

ii) PORTRAIT OF RANI LAXMI BAI

iii) PORTRAIT OF PRITILATA WADDEDAR

iv) FORGOTTEN SAVIOURS OF INDIA

v) PORTRAIT OF MATANGINI HAZRA

vi) PORTRAIT OF MATANGINI HAZRA

vii) INDIA'S WOMEN:UNSUNG HEROES OF FREEDOM STRUGGLE - A PORTRAIT


## C) OTHER ACTIVITIES :


EDUCATIONAL TOUR AND DATA COLLECTION: INDIAN MUSEUM & VICTORIA MEMORIAL 24

# HIDDEN IN HISTORY: THE STORY OF NEERA ARYA

*Parveen khatun*
*Sem 4*

India was under the rule of the British Empire for around 200 years before we finally achieved independence on August 15,1947. Every Indian knows about the pain,struggles,heartache, and loss faced by our ancestors. Some have lost touch with dear ones due to the brutal effects of partition;some had to face unending cruelty in the hands of the British; and some had to endure the heartbreak of separation fromtheir families as part of their struggle for freedom. The latter group consists of the freedom fighters, to whom we owe our independence. Women freedom fighters in India made significant contributions to the country's independence movement againt british rule. Despite facing societal constraints and discrimination,these women challenged the patriarchal norms and joined the freedom struggle, inspiring future generations with their bravery and determination. We know a famous patriot named Netaji Subhash Chandra Bose, who is famed in many parts of the world. Yet, there's a person in history who was a member of Netaji's INA and who may be considered one of the reasons Netaji could continue his glorious work to free India from the clutches of the British. Yet she has faded into obscurity, and history has lost one who, like any other brave freedom fighter, showed insurmountable courage and unbridled passion for her motherland. And her name is Neera Arya.



## WHO WAS NEERA ARYA?

Many freedom fighters have a nameless service to the nation,and one such lesser-known name was Neera Arya, popularly known as the first woman spy in the Indian National Army, who was a soldier in the Rani of Chaos Regiment of the Indian Army. She was the daughter of distinguished and eminent businessman Seth. India at that time was ruled by the British and from a young age,her acts proved her love for the nation,She participated in many freedom movements. Her father soon found a suitable match for his daughter,and she got married to an investigation officer, Shrikant Jairanjan Das, in British India.

## THE NATION COMES BEFORE THE FAMILY

Soon after marriage, Arya and her husband's professions became a point of conflict between them. Since her husband was working for the British government, he was a loyal British servant, whereas Neera wanted independence for her country from the British. Because of her love for the nation, Neera ended up joining the Jhansi Regiment under Indian army after her marriage. When Neera's involvement in the army he tried to get secrets about Bose because he was ordered to spy on Netaji and assassinate him. One day when her husband attempted to assassinate Subhash Chandra Bose, SHE KILLED HER HUSBAND by stabbing him and saving Netaji Subhash Chandra Bose.

## ENDURING RUTHLESS TORTURE!

For killing a British Government servant, Neera Arya was tortured every single day during her life imprisonment in Andaman (Kala Pani). She had given an account of one unbearable part of her story at the time of her imprisonment. She was tied with a hard iron chain around her neck, hand, and legs. She kept sleeping onn the ground regardless of the heavy cold for months. One day, a blacksmith came into her compartments. He started cutting off the chains of her hand. He had CUT some flesh off her hand. She had ignored that,he had HIT her bones 2-3 times with a hefty hammer when he started cutting off the shackles from her legs.

She sighed and grieved because of pain and said to him.
"Are you blind you hit my legs 2-3 times?"
She was full of a lot of pain as she was hit by that hammer.

The blacksmith said "you cannot do anything if i hit on your heart".
She knew that she was a slave there. They can do and behave in any way, whatever they liked. She was angry and in rage, she spat on him and said to him
"Learn to respect women"!!

The jailer came near her, watching everything about the event, and asked, If she could tell them the where abouts of Netaji Subhash Chandra Bose, they would let her go. And he would be asking her for the last time!!
Neera Arya angrilyreplied "He is in my HEART, in my MIND."
Jailer fiercely said. "If Subhash Chandra Ji lives inside her heart, then get him out from there."!!

The jailer touched her improperly and tore all her clothes and indicated to the blacksmith about her BREAST. The blacksmith instantly pressed her right breast with the BREAST RIPPER to cut it off, the pain had crossed all its limits. The jailer furthermore hit her with a TWEEZER that was lying down there and said be thankful to our Queen Victoria that this breast ripper was not heated!!
But her patriotism for the nation did not end with this tough time.

## LATER LIFE AND LOST LEGACY

After the independence of india, she got out of prison. But her tragic life goes on even after independence! She spent the rest of her life selling flowers in Hyderabad.

Even her cottage was also DEMOLISHED by the INDIAN GOVERNMENT later. The government claimed that her cottage was built on government land. On 26 July 1998, she left the world with a message to every India that
"Did She Deserve This Much in Her LAST Days in Independent India?"

## WHY WOMEN ARE MARGINALIZED IN THE INDIAN HISTORY?

We call India our "motherland ". And there have been mother, daughters, sisters,and wife who have fought bitterly for our Indepence yet their contributions have been sidelined in the annals of our history.

Our freedom fighters should be remembered and respected regardless of gender, caste, creed, colour, religion, etc. They deserve to be cherished for generations to come.

# অগ্নিকন্যা প্রীতিলতা ওয়াদ্দেদার

**দিশা ঘোষ**
**Sem-VI**

জাতীয় মুক্তি সংগ্রামে প্রবল পরাক্রান্ত ব্রিটিশ ঔপনিবেশিক শক্তির বিরুদ্ধে বঙ্গদেশের নারী সমাজ যে গৌরব জনক ভুমিকা পালন করেছে, আজও তার যথাযথ মুল্যায়ণ হয়নি। তৎকালীন সামাজিক ও পারিবারিক বাধা অতিক্রম করে যে বিপুল সংখ্যক নারী স্বাধীনতা অর্জনের জন্য আত্ম বলিদান করেছিলেন তাদের সংগ্রাম ইতিহাস নতুন ও ভবিষ্যৎ প্রজন্মের কাছে প্রেরণা স্বরূপ। একদিকে স্বদেশই জাগরণের আন্দোলন, অপরদিকে স্বাধীনতার জন্য জীবনপন কার সাম্রাজ্যবাদী বিপ্লবী আন্দোলন, দুটি ক্ষেত্রেই বাংলাদেশের মহিলারা অগ্রণী ভুমিকা পালন করেছিলেন। স্বাধীনতা অর্জনের জন্য ইংরেজ শাসকদের বিরুদ্ধে লড়াইয়ের অকুতোভয়ে এগিয়ে এসেছিলেন হাজার হাজার নারী। এদের সবার নাম ইতিহাসের পাতায় নেই, নারী স্বাধীনতা সংগ্রামে ও নারী মুক্তি আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন তাদের নাম ইতিহাসের পাতায় তুলে ধরার দায়িত্ব আমাদেরই।

আদর্শবোধ ও আত্মোৎসর্গের মধ্যে দিয়ে যারা নিজেদের জীবনকে অর্থবহ করে তুলেছেন তাদের মধ্যে অন্যতম হলেন বিপ্লবী প্রতিলতা ওয়াদ্দেদার। ওরফে রানী এক অনন্য সাধারণ অবিস্মরণীয়া মহিলা।

পড়াশোনায় ভালো হওয়ায় প্রীতিলতা ছিলেন শিক্ষকদের প্রিয়। বিশেষ করে তার ইতিহাসের শিক্ষিকা ঊষাদির সাথে তার ছিল খুব ভাল সম্পর্ক। এই উষাদিই একদিন প্রীতিলতাকে 'ঝাঁসির রাণী লক্ষ্মীবাই' নামের একটি বই পড়তে দেন। বইটি প্রতিলতা ও তার খুব ঘনিষ্ট একজন বন্ধু কল্পনা দত্তের মনোজগতকে দারুণভাবে আলোড়িত করে, ছোটবেলা থেকে লালিত বিজ্ঞানী হওয়ার স্বপ্নের স্থান জায়গা করে নেয় বিপ্লবী হওয়ার স্বপ্ন।

প্রীতিলতা ছাত্রাবস্থায় ঢাকার দীপালি সংঘে এবং পরবর্তী সময়ে কলকাতায় ছাত্রী সংঘে যোগ দিয়ে লাঠিখেলা, ছোরাখেলা প্রভৃতিতে পারদর্শী হন। তখন থেকেই বিপ্লবী আন্দোলনে যুক্ত হওয়ার বিষয়ে আগ্রহী হন। এই আগ্রহ থেকে তিনি সূর্য সেনের বিপ্লবী দলে যোগদান করে ফুলতার ছদ্মনাম গ্রহণ করেন।

মাস্টারদা সূর্য সেনের নেতৃত্বে চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের ঘটনায় প্রীতিলতা গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করেন। এরপর তিনি টেলিগ্রাফ ও টেলিফোন অফিস ধ্বংস, পুলিশ জানা লাইন দখল, জালালাবাদ পাহাড়ের যুদ্ধ (১৯৩০ খ্রিঃ), ধলঘাটের যুদ্ধ (১৯৩২ খ্রিঃ) প্রভৃতি কর্মসূচিতে অংশ নেন।

প্রীতিলতাল নেতৃত্বে শান্তি চক্রবর্তী, কালিকিঙ্কর দে প্রমুখ ১৯৩২ খ্রিস্টাব্দে (২৪শে সেপ্টেম্বর) আগ্নেয়াস্ত্র নিয়ে চট্টগ্রামের পাহাড়তলির ইউরোপীয় ক্লাব আক্রমণ করেন। পুলিশ পল্টো আক্রমণ চালালে উভয় পক্ষের সম্মুখ যুদ্ধ হয়।

স্বাধীনতা আন্দোলনে প্রথম মহিলা শহীদ প্রীতিলতা ওয়াদ্দেদার প্রমাণ করেছিলেন ইংরেজ শাসনের বিরুদ্ধে সংগঠিত সংগ্রামে পুরুষের মতো মহিলারাও সমভাবে জীবন বলিদানে প্রস্তুত। ২১ বছরের এই যুবতী মাস্টারদার নির্দেশে অন্যান্য পুরুষ সহকর্মীদের নিয়ে পাহাড়তলীর রেলওয়ে ইনস্টিটিউশন যেখানে ইংরেজ শাসকরা সান্ধ্য প্রমোদে মিলিত হত সেটি আক্রমণের নেতৃত্ব দেন। বহুবার পুলিশের চোখে ধুলো দিয়ে অসম সাহসিকতায় গোপন আস্তানা থেকে পালাতে সক্ষম হয়েছিলেন। বিভিন্ন গ্রামে ঘুরে ঘুরে বিপ্লবী কাজ সংগঠিত করেছিলেন। তিনি প্রমাণ করেছিলেন ঘরে বীর যুবকদের মত মেয়েরাও আজ পিছিয়ে নেই।

পুলিশের হাতে ধরা পড়ে অপমানিত ও লাঞ্ছিত হতে হবে এটাই ছিল প্রীতিলতার আতঙ্ক। এ নিয়ে মাস্টারদার সঙ্গে তার নার্কি তর্কও হয়েছিল বেশ কয়েক দিন। কিছুতেই পুলিশের হাতে ধরা দেবেন না তিনি। তাই সব সময় পটাশিয়াম নিয়ে চলাফেরা করতেন। তিনি বলতেন 'নরপশু ওরা, ওদের হাতে ধরা পড়লে থাকবে না আমার সম্মান।' **তিনি মৃত্যুকে ভয় করতেন না।**

তিনি, ভয় করতেন অপমানকে, অসম্মানকে। সামান্য আহত হতেই তাই তিনি বিষ খেয়েছিলেন। তা ছাড়া তাঁর ইচ্ছা ছিল, তাঁর আত্মদানে বাংলার নারীসমাজ সচেতন হয়ে উঠবে, মেয়েদের প্রাণে এনে দেবে উৎসাহ ও আত্মবিশ্বাস।

১৯৩২ সালের ২৩ সেপ্টেম্বর হয়তো শারীরিকভাবে চলে গিয়েছিলেন অগ্নিকন্যা প্রীতিলতা ওয়াদ্দেদার, কিন্তু আজও তিনি রয়ে গেছেন কোটি প্রোণের হৃদয়ের গহ্বরে। আজও যখন বাঙালি নারীর অসীম সাহসিকতার পরিচয় দেওয়া হয়, দেশপ্রেম, আদর্শ আর বিপ্লবের কথা লেখা হয় সবার আগে আসে প্রীতিলতার নাম। প্রীতিলতা এক ধুমকেতুর **নাম,মাত্র** ২১ বছরের প্রীতিলতার দেশপ্রেম, আদর্শ, স্বাধীনতার জন্য অসীম ত্যাগ মানুষ স্মরণ করবে সব সময়।

# ইতিহাসের এক ব্যতিক্রমী নারী লীলা নাগ রায়

**পূজা বেরা**
*Sem - VI*

ইতিহাসের এক ব্যতিক্রমী নারী লীলা নাগ রায় — ধন্যবাদ সকলকে আমাকে এই সুন্দর একটি বিষয় নিয়ে বলতে দেওয়ার জন্য। আমি যখন বাড়িতে সশস্ত্র স্বাধীনতা সংগ্রামী নারীদের ইতিহাস বিষয়টি নিয়ে পড়া শুরু করলাম, এক বাঙালি নারী চরিত্র আমাকে বিশেষভাবে আকর্ষিত করে। তিনি হলেন অবিভক্ত ঢাকা নিবাসী শ্রীমতি লীলা নাগ রায়। দেশের প্রতি তার আত্মত্যাগ আমাকে বিশেষভাবে অনুপ্রাণিত করে। পুরুষ শাসিত সমাজে তিনি এক অন্যতম ব্যতিক্রমী চরিত্র।

উনবিংশ শতকের পূর্বে নারীরা যে নিজেদের গৃহস্থের বাইরে বেরিয়ে এসে পুরুষদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে ভারতের স্বাধীনতা আন্দোলনে যোগদান করবে তা ভাবাও ছিল অসম্ভব, কিন্তু ভারতবর্ষ তথা বাংলায় উনবিংশ শতকের নবজাগরণ ভারতীয় নারীদের বিপ্লব তথা রাজনীতিতে অনুপ্রবেশের পথ প্রশস্ত করে। যে নারী একদা ছিল অবলা। বিংশ শতকে সে কেবল সবলাই নয়, হয়ে ওঠে অস্ত্রধারী বিপ্লবী।

একটি রক্ষণশীল পরিবারে জন্মগ্রহণ করেও ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তিনি এমএ পাশ করেন। এর জন্য তাঁকে বহু প্রতিকূলতার সম্মুখীন হতে হয়। কিন্তু নিজের অদম্য শক্তি দিয়ে ভারত মাতাকে মুক্তি দিতে তিনি ছিলেন বদ্ধপরিকর। এরূপ নারী চরিত্র বাংলায় অতি বিরল।

কেবল নিজের পড়াশোনাই নয় সমাজস্থ অন্যান্য নারীদের ওতিনি পড়াশোনায় উৎসাহিত করেছিলেন এবং বহু বিদ্যালয় ও মহাবিদ্যালয় নিজ উদ্যোগে প্রতিষ্ঠা করেন। নারী শিক্ষার পাশাপাশি তিনি নারীর ভোটাধিকার আন্দোলনে সক্রিয় ভূমিকা পালন করেছিলেন। ভারতীয় রাজনীতির অভিন্ন অঙ্গ হিসেবে নারীরা যে পুরুষদের সমান সংখ্যক ভোটাধিকারের দাবি রাখে তার জন্য তিনি আন্দোলনে যুক্ত হন। তৎকালীন সময় ভারতীয় রাজনীতিতে একটি উল্লেখযোগ্য নাম নেতাজি সুভাষচন্দ্র বসু ছিলেন বর্তমান। তার কার্যকলাপ লীলা নাগকে বিশেষভাবে উৎসাহিত করে। নেতাজির মতো তিনিও বিশ্বাস করতেন সশস্ত্র বিপ্লবের দ্বারা ভারতবর্ষ থেকে ইংরেজদের বিতাড়িত করা সম্ভব, এই উদ্দেশ্যে তিনি নারীদের নিয়ে অস্ত্রপরিচালনা শুরু করেন।

এরপর ১৯২৬ খ্রিস্টাব্দে তিনি দিপালী সংঘ নামক একটি নারী সমিতি প্রতিষ্ঠা করেন। এখানে নারীদের খেলা, শরীর চর্চা, অস্ত্র চালনা নানা বৈপ্লবিক কার্যকলাপ পরিচালনার শিক্ষা দেওয়া হতো। তার এই সমিতি থেকে বেরিয়ে এসে প্রীতিলতা ওয়াদ্দেদার সূর্য সেনের সাথে যুক্ত হন এবং দেশের জন্য প্রাণ বিসর্জন করেন।

তবে এক্ষেত্রে বলে রাখি আমি লীলা নাগ রায়কে যে ব্যতিক্রমী নারী বলে উল্লেখিত করেছি তার দুটি কারণ রয়েছে — একটি তিনি স্বাধীনতা সংগ্রামে একটি অনন্য ভূমিকা পালন করেছেন। আর দ্বিতীয়টি হল তাঁর বিষয় খুব সামান্য কিছু তথ্যই আমাদের ভারতের ইতিহাসের পাতায় পাওয়া যায়। যার ফলে ভবিষ্যৎ প্রজন্মের কাছে লীলা নাগ রায় অত্যন্ত ব্যতিক্রম একজন নারী হিসেবে রয়ে যাবে। তাই আমার মনে হয় তার সম্পর্কিত আরো বেশ কিছু তথ্য ইতিহাসের পাতায় লিপিবদ্ধ করলে ভবিষ্যৎ প্রজন্মের কাছে তিনি দৃষ্টান্ত হয়ে থাকবেন।

এখানেই আমি আমার বক্তৃতা শেষ করলাম। সকলকে প্রণাম জানাই।

# ভারতের স্বাধীনতা সংগ্রামে মাতঙ্গিনী হাজরা

পূজা কর্মকার
*Sem - IV*

আজকের সময়ে দাঁড়িয়ে আমরা যে স্বাধীনতা ভোগ করছি, সেই স্বাধীনতা কিন্তু খুব সহজেই আমাদের ভারতবর্ষ লাভ করতে সক্ষম হয়নি। বরং, এই যে স্বাধীনতা আমরা লাভ করতে সক্ষম হয়েছি, এর পেছনে আছে অনেক লড়াই, ত্যাগ, সংগ্রাম। এই স্বাধীনতাকে ছিনিয়ে আনতে হয়েছে বহু সংগ্রামের মধ্য দিয়ে। নারী-পুরুষ নির্বিশেষে সকলের অক্লান্ত সংগ্রামের ফল আজকের এই স্বাধীনতা। তবে ভারতের স্বাধীনতা সংগ্রামে নারীর বিশেষ অবদানকে উপেক্ষা করা যায় না। কেননা, তৎকালীন সময়ের কুসংস্কারাচ্ছন্ন নিয়মের বেড়াজাল থেকে ধীরে ধীরে বেরিয়ে এসে নারীরা যেভাবে নিজেদের স্বাধীনতা সংগ্রামের মতো মহৎ কাজে নিয়োজিত করেছিলেন, তাতে করে সত্যই স্বাধীনতা সংগ্রামে নারীদের ভূমিকাকে অস্বীকার করা যায় না।

ভারতের স্বাধীনতা সংগ্রামের অনেক সাহসী নারী ব্রিটিশ শাসনের বিরুদ্ধে আওয়াজ তুলেছিলেন। অনেক নারী রাস্তায় নেমে আসেন, মিছিলে নেতৃত্ব দেন, বক্তৃতা ও বিক্ষোভ প্রদর্শন করেন। এই নারীদের অনেক সাহস এবং তীব্র দেশপ্রেম ছিলো। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে যে সকল নারীরা ইংরেজ সরকারের রাতের ঘুম উড়িয়ে দিয়েছিলেন। তেমনি এক অসীম সাহসিনী নারী চরিত্র হলেন 'মাতঙ্গিনী হাজরা'।

পরিচয় ঃ

মাতঙ্গিনী হাজরা ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে এক আলোকিত নাম। কাজী নজরুল ইসলাম বলেছেন, ''কোনো কালে এক হয়নি কোন জয়ী পুরুষের তরবারী, প্রেরনা দিয়েছে, শক্তি দিয়েছে বিজয় লক্ষ্মী নারী। ''তবে যুদ্ধে, সংগ্রামে নারী কেবল প্রেরণা দেওয়ার কাজই করেনি, কেউ কেউ নিজের হাতে তুলে নিয়েছে অস্ত্র। তেমনি একজন বীরঙ্গনা নারী হলেন মাতঙ্গিনী হাজরা। ১৯৪২ খ্রিস্টাব্দের ২৯শে সেপ্টেম্বর তদানীন্তন মেদিনীপুর জেলার তমলুক থানার সামনে ব্রিটিশ ভারতীয় পুলিশের গুলিতে তিনি শহিদ হয়েছিলেন।

মাতঙ্গিনী হাজরার প্রাথমিক জীবন সম্পর্কে বিশেষ কিছু জানা যায় না। শুধু এইটুকু জানা যায় যে, ১৮৭০ খ্রিস্টাব্দে তমলুকের অদূরে হোগলা নামে একটি ছোট গ্রামে এক দরিদ্র কৃষক পরিবারে তাঁর জন্ম হয়েছিলো। দারিদ্র্যের কারণে বাল্যকালে প্রথাগত শিক্ষা থেকে বঞ্চিত হয়েছিলেন মাতঙ্গিনী। অতি অল্প বয়সেই তাঁর বিয়ে হয়ে গিছেছিলো। তিনি মাত্র আঠারো বছর বয়সেই নিঃসন্তান অবস্থায় বিধবা হয়েছিলেন।

১৯০৫ খ্রিস্টাব্দে প্রত্যক্ষভাবে ভারতের স্বাধীনতা আন্দোলনের সঙ্গে জড়িয়ে পড়েন মাতঙ্গিনী হাজরা। মতাদর্শগতভাবে তিনি ছিলেন একজন গান্ধিবাদী। ১৯৩২ খ্রিস্টাব্দে মাতঙ্গিনীদেবী 'আইন অমান্য আন্দোলন'-এ যোগ দেন। সেইসময়ে তিনি লবণ আইন অমান্য করে কারাবরণ করেছিলেন। অল্পকাল পরেই অবশ্য তাঁকে মুক্তি দেওয়া হয়েছিলো। কিন্তু চৌকিদার কর মকুবের দাবিতে প্রতিবাদ চালিয়ে গেলে আবার তাঁকে কারারুদ্ধ করা হয়। এই সময়ে তিনি বহরমপুরের কারাগারে ছ-মাস বন্দি ছিলেন। তিনি হিজলি বন্দি নিবাসেও বন্দি ছিলেন কিছুদিন।

মুক্তিলাভের পর তিনি ভারতীয় জাতীয় কংগ্রেস'-এর সক্রিয় সদস্যপদ লাভ করেন এবং নিজের হাতে চরকা কেটে খাদি কাপড় বানান ও শুরু করেন। ১৯৩৩ খ্রিস্টাব্দে মাতঙ্গিনীদেবী শ্রীরামপুরে মহকুমা কংগ্রেস অধিবেশনে যোগ দিয়ে পুলিশের লাঠিচার্জের সময় আহত হন। তিনি নিজেকে স্বাধীনতা সংগ্রামে নিয়োজিত রাখার পাশাপাশি সর্বদা তিনি মানবতাবাদী উদ্দেশ্য সাধনে নিয়োজিত থেকেছেন। তাঁর অঞ্চলে যখন মহামারি আকারে বসন্ত রোগের প্রাদুর্ভাব ঘটে, তখন তিনি আক্রান্ত পুরুষ, নারী ও শিশুদের সেবা করেছেন। ১৯৩০-এর দশকে কারাবাস ও পুলিশের লাঠিচার্জের ফলে তাঁর স্বাস্থ্যের অবনতি হয়। কিন্তু জেল থেকে মুক্তির পরেই তিনি

সমাজের সেবায় আবার নিয়োজিত হন, বিশেষত অস্পৃশ্যদের সামাজিক অবস্থার উন্নয়নে তাঁর ভূমিকা গুরুত্বপূর্ণ।।

'ভারতছাড়ো আন্দোলন'-এর সময়ে কংগ্রেসের সদস্যরা মেদিনীপুর জেলার সকল থানা ও অন্যান্য সরকারি কার্যালয় দখল করে নেওয়ার পরিকল্পনা গ্রহণ করেন। এই পরিকল্পনার উদ্দেশ্য ছিলো জেলা থেকে ব্রিটিশ শাসন উচ্ছেদ করে এখানে একটি স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা করা। প্রধানত মহিলা স্বেচ্ছাসেবকসহ ছয় হাজার সমর্থক তমলুক থানা দখলের উদ্দেশ্যে একটি মিছিল বের করেন। এই মিছিলের নেতৃত্ব দিয়েছিলেন ৭৩ বছর বয়সী মাতঙ্গিনী হাজরা। শহরের উপকণ্ঠে মিছিল পৌছালে ব্রিটিশ রাজপুলিশ ভারতীয় দন্ডবিধির ১৪৪ ধারা জারি করে সমাবেশ ভেঙে দেওয়ার নির্দেশ দেয়। কিন্তু সেই আদেশ অমান্য করে মাতঙ্গিনীদেবী অগ্রসর হলে তাঁকে গুলি করা হয়। কিন্তু তা সত্ত্বেও মাতঙ্গিনীদেবী এগিয়ে চলেন এবং পুলিশের কাছে আবেদন করেন জনতার ওপর গুলি না চালাতে।

তাম্রলিপ্ত জাতীয় সরকারের মুখপুত্র 'বিপ্লবী' পত্রিকার বর্ণনা অনুযায়ী, ফৌজদারি আদালত ভবনের উত্তর দিক থেকে মাতঙ্গিনীদেবী একটি মিছিলের নেতৃত্ব দিয়েছিলেন। পুলিশগুলি চালালে তিনি অন্যান্য স্বেচ্ছাসেবকদের পেছনে রেখে নিজেই এগিয়ে যান। পুলিশ তিনবার তাঁকে গুলি করে। গুলি লাগে তার কপালে ও দুই হাতে। তবুও তিনি এগিয়ে যেতে থাকেন। এরপরেও বারংবার তাঁর ওপর গুলিবর্ষন করা হয়। কংগ্রেসের পতাকাটি মুঠোর মধ্যে শক্ত করে উঁচিয়ে ধরে বন্দেমাতরম ধ্বনি উচ্চারন করতে করতে তিনি মৃত্যুবরণ করেন।

তাম্রলিপ্ত জাতীয় সরকার স্বদেশের জন্য মাতঙ্গিনী হাজরার মৃত্যুবরণের দৃষ্টান্তটিকে সামনে রেখে মানুষকে বিপ্লবের পথে উদবুদ্ধ করে তুলেছিলো। এ প্রসঙ্গে উল্লেখ করতে হয় যে, সমান্তরাল সরকারটি ১৯৪৪ খ্রিস্টাব্দ পর্যন্ত সফলভাবে নিজের অস্তিত্ব বজায় রাখতে সক্ষম হয়। পরে গান্ধীজীর অনুরোধে এই সরকার ভেঙে দেওয়া হয়েছিলো। ১৯৪৭ খ্রিস্টাব্দে ভারত স্বাধীনতা অর্জন করে এবং তার পরবর্তী সময়ে দেশ গঠনের কাজেও নারীদের প্রত্যক্ষ ভূমিকা দেখা যায়।

১৯৪২ খ্রিস্টাব্দে মাতঙ্গিনীদেবীর মৃত্যু হয়েছিলো ঠিকই। কিন্তু উনি ওনার বিপ্লবাত্মক কর্মকাণ্ডের দ্বারা সে সালের সর্ব স্তরের নারীদের যে ভাবে অনুপ্রাণিত করেছেন তা সত্যিই অপেক্ষা রাখে না। মাতঙ্গিনীদেবীর মৃত্যু হয়েছিলো ঠিকই কিন্তু এরপর জন্ম হয়েছিলো আরেক মাতঙ্গিনী হাজরার। আর সেই জন্ম ছিলো অনুপ্রেরণার। তাঁর আত্মত্যাগের কাহিনী জেনে বিপ্লবের মন্ত্রে উদ্বুদ্ধ হয়েছিলেন বাংলা তথা ভারতের অসংখ্য বিপ্লবী। মাতঙ্গিনীদেবীর আসলে সমাজ ছিলো আলাদা। সেই আঠারোশো শতকের নারীকে থাকতে হতো পর্দার আড়ালে, সন্তান উৎপাদনের যন্ত্র আর হেসেল সামলানোই ছিলো তাদের নিয়তি। স্বামীর মৃত্যুতে সতী হতে হতো তাদের। এমন রীতিকে ভেঙে চুরমার করে দিয়েছিলেন মাতঙ্গিনীদেবী। সে সময়ের নারীরা তাদের সমাজের নানান বেড়াজাল ভেঙে নিজেদের নানা বৈপ্লবিক কর্মে নিযুক্ত করেন। মাতঙ্গিনীদেবী সে সময়ে ইংরেজ শাসকের অস্বস্তির কারণ হয়ে উঠেছিলেন। তিনি বুঝিয়ে দিয়েছিলেন নারীর ক্ষমতা কতখানি। তিনি নিজের জীবন দিয়ে বুঝিয়ে দিয়ে গিয়েছেন তিনিও লিখতে পারেন অগ্নিযুগের ইতিহাস।

আজকের সময়ে দাঁড়িয়ে নারীর ক্ষমতায়ন নিয়ে চর্চা হয়। এই বিষয়ে বিদ্যালয়-বিশ্ববিদ্যালয়ে পড়ানোও হয়। সময়ের সঙ্গে সঙ্গে পুরুষ শাসিত সমাজের বাধা ডিঙিয়ে নারী তার ক্ষমতা বুঝে নিচ্ছে। তাই বিভিন্ন ক্ষেত্রে কৃতী নারীর সংখ্যা বাড়ছে বৈ কমছে না। এমনকী বর্তমান সময়ে দাঁড়িয়ে বহু নারী মাতঙ্গিনীদেবীর কর্মকাণ্ডে অনুপ্রাণিত হয়ে ওনার মতোই নিজেদের ক্রমাগত বিপ্লবী কাজকর্মে নিজেদের নিয়োজিত করে চলেছেন। আজকের দিনে নারীরা দেশ রক্ষার কাজে, শাসন ক্ষমতা তথা রাজনীতিতেও সামনের সারিতে এগিয়ে এসেছেন। তাছাড়া খেলাধুলা ও অন্যান্য ক্ষেত্রেও আজ আমাদের দেশের মেয়েরা বিশ্বের কাছে ভারতবর্ষের সম্মান বৃদ্ধি করে চলেছেন। তথাপি সর্বশেষে বলতে হয় ইংরেজ সরকারের পাশাপাশি পুরুষ শাসিত সমাজকেও শিক্ষা দিয়েছিলেন মাতঙ্গিনী হাজরা। তিনি বুঝিয়ে দিয়েছিলেন নারীর ক্ষমতা আসলে ঠিক কতখানি।

# অগ্নিকন্যা ননীবালা

অনন্যা পাল
*Sem - IV*

স্বাধীনতা শব্দটি হয়তো ছোটো হতে পারে কিন্তু তার মধ্যে থাকা অন্তর্নিহিত অর্থ এবং তার গুরুত্ব অপরিসীম। পরাধীনতার শৃঙ্খল তাকে নিজের মাতৃভূমিকে রক্ষা করার লড়াইয়ে হাজার হাজার বীরেরা বিপ্লবের পথ বেছে নিয়েছে তাঁরা নিজেদের কে সমাপন করেছে দেশমায়ের পায়ে। জন্মভূমিকে ইংরেজদের শাসন থেকে মুক্ত করার সংগ্রামে নারীরাও কোনোভাবেই পিছিয়ে ছিল না, দেশের অগ্নি কন্যারাও নানানভাবে এগিয়ে এসেছে দেশের কাজে।

মাতৃরূপে তারা যেমন সংসার ধর্ম পালন করেছে, সন্তান লালন-পালন করেছে, প্রয়োজনে বিপ্লবীদের মুখে তুলে দিয়েছে অন্ন তাদের রক্ষা করেছে নানান বিপদ থেকে ঠিক সেই ভাবেই শক্তি রূপা হয়ে নিজেদের হাতে তুলে নিয়েছে অস্ত্র। ইংরেজ শাসকের মনে বিভীষিকার সঞ্চার করেছে, নিজেদের ভবিষ্যতকে অনিশ্চিত করে স্বামী-পুত্র কিংবা ভাইকে পাঠিয়েছে দেশের কাজে। সেইসব অসীম সাহসী নারীদের অবদান স্বাধীনতা সংগ্রামে যেমন গুরুত্বপূর্ণ তেমনি অপরিসীম। স্বাধীনতার লড়াইয়ে তাদের আত্মবলিদান তেমনি অপরিমেয়।

ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে সে সকল নারীরা ইংরেজ সরকারের রাতের ঘুম কেড়ে নিয়েছিল তেমনি সব অসীম সাহসী নারীদের ভূমিকা নিয়েই আজ আমরা বক্তব্য রাখতে চলেছি। আজ আমরা সেই সব নারীদের অবদানের কথা জানবো যারা নিজের জীবনকে তুচ্ছ করে ঔপনিবেশিক শাসকদের বিরুদ্ধে সংঘর্ষ করে গেছে তবু আজ তারা হারিয়ে যাচ্ছে ইতিহাসের পাতা থেকে তাদেরর আত্মত্যাগের কথা চাপা পড়ে যাচ্ছে কালের গর্ভে।

তেমনি এক বিপ্লবী নারী চরিত্র হলেন ''ননীবালা দেবী''। জীবনে নানান প্রতিকূলতার সম্মুখীন হয়েও হার

না মানা এক অসীম সাহসী ধৈর্যশীলা, দৃঢ়চেতা নারী হলেন ননীবালা দেবী।

ননীবালা দেবী চিলেন ভারতের প্রথম মহিলা রাজবন্দি। আজ তারই সংগ্রামের কাহিনী তুলে ধরছি আপনাদের সামনে। তবে পরিচয় করে নেওয়া যাক সেই বীরাঙ্গনার সাথে .......

ননীবালা দেবীর জন্ম হয় ১৮১৮ খ্রিঃ হাওড়া জেলার বালিতে। মাত্র ১১ বছর বয়সে বিবাহ এবং ১৬ বছর বয়সেই বিধবা হয়ে তাকে ফিরে আসতে হয় পিতৃগৃহে।

যুগান্তর নামক একটি বৈপ্লবিক দলে অংশগ্রহণ করার পর তাকে নানান দুঃসাহসিকতার পরিচয় দিতে হয়, কিন্তু কোনোভাবেই ইংরেজ সরকারের পদানত হননি তিনি। ১৯১৪ সালে প্রথম বিশ্বযুদ্ধ চলার সময় যুগান্তর দলের বিপ্লবীরা জার্মান বাহিনীর কাছ থেকে অস্ত্র শস্ত্র আদান-প্রদানের পরিকল্পনা শুরু করে কিন্তু সেই খবর ইংরেজ সরকার জানতে পারলে শুরু হয় আক্রমণ একের পর এক বিপ্লবীরা ধরা পড়তে থাকলে বিপ্লবীদের উপর চলতে থাকে অকথ্য অত্যাচার।

চার্লস টেগার্ডের নিপীড়নে দুঃসহ হয়ে ওঠে তাদের জীবনযাত্রা। এইরকম পরিস্থিতিতে বিপ্লবী অমরেন্দ্র চট্টোপাধ্যায় চট্টোপাধ্যায়ের কাছে বৈপ্লবিক দীক্ষা লাভ করলেন ননীবালা দেবী। শুরু হলো তার বৈপ্লবিক জীবনযাত্রা। বিপ্লবী অমরেন্দ্র চট্টোপাধ্যায়, রমেশচন্দ্র মজুমদার এবং তাদের কয়েকজন সহযোদ্ধা পুলিশের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য প্রায় ২মাস রিষড়ার বাড়িতে আশ্রয় দেন ননীবালা। কিন্তু গুপ্তচর মারফত সেই খবর পুলিশের কাছে পৌঁছালে অতর্কিত আক্রমনে পুলিশের হাতে ধরা পড়ে বিপ্লবীরা।

বিপ্লবী রমেশচন্দ্র মজুমদার তিনি আধুনিক রাইফেলের দায়িত্ব নিয়ে ছিলেন কিন্তু গ্রেফতারের সময় উনি জানিয়ে যেতে পারলেন না সেই ''মিউজার'' রাইফেলটি উনি কোথায় রেখে গেছেন অবশেষে এমন পরিস্থিতিতে বিধবা ননীবালা দেবী জেলে রমেশচন্দ্র মজুমদারের স্ত্রী সেজে গিয়ে পুলিশের নজর এড়িয়ে সেই গুপ্ত খবরটি বার করে আনেন।

১৯১৫ সালে একজন বিধবা নারীর পক্ষে পরস্ত্রী সেজে সকলের চোখ এড়িয়ে এইভাবে গুপ্ত খবর বার করে আনা কোনো সাধারণ বিষয় নয়। সাধারণ মানুষ তো দুর পুলিশরাও এধরণের কাজের কল্পনা করতে পারতেন না কিন্তু ননীবালা দেবী সেই অসাধ্য কাজ সাধন করে দেখিয়েছিলেন।

এইরকমই একের পর এক দুঃসাধ্য কাজ ননীবালা দেবী করতে থাকলে সেই খবর পুলিশের কাছে পৌঁছায়। ননীবালা দেবীকে গ্রেফতার করার জন্য তৎপর হয়ে ওঠে পুলিশ। গ্রেফতারি পরোয়ানা জারি করা হয় ওনার নামে এই পরিস্থিতি থেকে বাঁচার জন্য একপ্রকার বাধ্য হয়েই গা ঢাকা দিতে তাকে তারই এক বাল্যবন্ধুর কাছে সাহায্য নিতে হয়।

তখনকার সমাজে একাকী নারী হয়ে কোনো অন্য পুরুষের সাথে একাকী ভিনরাজ্যে পাড়ি দেওয়া কোনো মুখের কথা নয়, আজকের সমাজ আর তখনকার সমাজের মধ্যে যে বিশাল সমুদ্রের ব্যবধান রয়েছে তা কোনোভাবেই অস্বীকার করা যায় না।

কিন্তু সেই পরিস্থিতি তে দাঁড়িয়েও ননীবালা দেবী যে সাহসিকতার পরিচয় দিয়েছেন তা আজকের নারীদেরকেও অনুপ্রাণিত করে।

পেশোয়ার থেকে তাকে পুলিশ গ্রেফতার করলে তাকে নিয়ে যাওয়া হয় কাশীর জেলে। শুরু হয় ওনার উপর মারাত্মক শারীরিক ও মানসিক নির্যাতন। বিপ্লবীদের কার্যকলাপ সম্পর্কে কোনো প্রকার স্বীকারোক্তি পুলিশ বার না করতে পারলে কাঁচালঙ্কা বাটা শরীরের বিভিন্ন স্থানে লাগিয়ে দেওয়া হয়, আলোবাতাসহীন ঘরে অর্ধমৃত অবস্থায় রেখে দেওয়া হয় ঘন্টা খানেক কিন্তু কোনোভাবেই কোনো স্বীকারোক্তি পুলিশ বার করতে পারলেন না নিজের ব্যক্তিত্বে অটল থাকা সাহসীনির কাছ থেকে।

অবশেষে ২বছর পর জেল থেকে মুক্তি পাওয়ার পর বস্তির একটি ঘুপচি ঘরে জীবনের বাকি দিনগুলি একাকী অনাহারে, অর্ধাহারে অতিবাহিত করেন ননীবালা দেবী।

আচ্ছা, কেবল নারী বলেই কি স্বাধীনতা সংগ্রামে নিজের সবটুকু উজার করে দেওয়ার পরেও যোগ্য সম্মান টুকু পাননি ননীবালা দেবী, লীনা নাগ, লক্ষ্মী সায়গলের মতো নারীরা, কেবলমাত্র বইয়ের পাতার মধ্যে সীমাবদ্ধ থেকে যায় তাদের আত্মবলিদানের কথা?

চিরাচরিত পুরুষতান্ত্রিক সমাজের কাছে চিরকালই ব্রাত্য এইসকল নারীরা আমাদের দেশের সরকার কিংবা সমাজ কেউই সঠিক মূল্যায়ন করতে পারেনি এই মহীয়সীদের। আসলে এ লজ্জা আমাদের দেশের। এ লজ্জা আমাদের জাতির যারা সম্মান জানাতে পারেনি দেশমাতার এই অগ্নি কন্যাদের।

# Role of Women in Indian Freedom Movement

Name:- Zakiya Parveen, semester:-VI
Introduction: The untold, unheard and unseen facts of the struggle for independent India.The role of India women freedom fighters in the journey of freedom struggle. In reality without the help of women movements and women freedom fighters the success of an independence India would have remained a dream.
Many prominent women freedom fighters like Rani Laxmi Bai, Begum Hazrat Mahal etc, who fought for the independence of india in the revolt of 1857. The revolt of 1857, which was the first independence revolt in India history. In this revolt many womens played a great role but one of the major role played by Begum Hazrat Mahal.

Role of Begum Hazrat Mahal in Indian freedom movement : Begunm Hazrat Mahal,or 'Begum of Awadh," was one of india's first female freedom fighters, leading the battle in the First India's first female freedom fighters, leading the battle in the First Indian War of Independence in 1857. She was one of the most iconic women freedom fighters in india and also know as a counterpart of Jhansi ki Rani Laxmi Bai. In 1857, when the revolt started, she was the one who raise their voices against British rule. Her contribution during the revolt inspired the youth, and they gave her the title "The Tigress".History has lost the exact circumstances of Hazrat Mahal's birth and early life. But what is apparent is that it was painful and tragic. As far as the most commonly accepted version goes, she was born on an unknown date and named Muhammadi Khanum. Her parents, who then sold her to the royal harem of the ruler of Awadh. Her husband Wajid Ali Shah (Nawab of Awadh) was exiled to Calcutta. So, she abolish the British rule from her Kingdom,she declared her minor son the new king and herself a regent of Awadh. When the Begum assumed control of Awadh, they started forcing Company officials to leave Lucknow. In September 1857, when Lord Clive wanted to take control of Lucknow, he ordered the royal ladies to vacate the palace. Queen Hazrat Mahal decided to fight and with the help of her loyal followers, she took control of Lucknow. However, her army was ill-equipped and had little training. The Indian troops were not able to re-capture the Residency because of arguments between her generals. On March 6, 1858, the british recaptured Lucknow. Begum Hazrat Mahal proved to be indispensable in this struggle. She was discontent with mere strategising, and took to the battlefield alongside bravehearts such as Rani Laxmi Bai, Bakht khan and Maulvi Abdullah. She also worked closely Nana Saheb, and went in to assist Maulvi of Faizabaad during the attack of shahjahanpur.

Despite all this, she remained defiant and declined all overtures of the British. She remained in Nepal and refused all terms of agreement made by the British government. When Queen Victoria issued a proclamation taking over the Company's possessions in India, she was the only one who responded and criticised the British. She accused the British of taking over the country by taking advantage of disunity among the Indians. The Begum had her own will, minimal supplies, disjointed allies and ultimately,not enough firepower. By March 18,1858, the fall of Lucknow was inevitable. The British had made earlier offers to the begum- a pension, rule under the British and mercy. But the begum had rejected them all. It was all or nothing for her. And that would be the case till the end. She slipped out of Lucknow before the end, making her way to the Himalayan forests in the north, fighting bitterly at every step against pursuing the British, before finally seeking refuge in Nepal.

# বীর বীরাঙ্গনা মাতঙ্গিনী হাজরা

আসমানি খাতুন
Sem-II

প্রায় দুশো বছর আমাদের ভারতবর্ষ ইংরেজ শাসনের অধীনস্থ ছিল, কাজেই সামাজের সাধারণ মানুষেরা ছিল নিত্যদিনের অত্যাচারের শিকার। তৎকালীন সমাজে নারীরা ছিল অন্যতম নিপীড়ন ও যাবতীয় লাঞ্ছনার একমাত্র ভাগীদার। বিভিন্ন অন্ধবিশ্বাস এবং ধর্মীয় গোঁড়ামিতে নিমজ্জিত সেই সময়ের সমাজে নারীরা শিক্ষার অধিকার থেকে বঞ্চিত ছিল। ফলে বহু অশিক্ষিত নারীর কাছে বিপ্লবের প্রধান কেন্দ্রস্থল ছিল সংসার। কারন সংসার জয়ের মধ্যে দিয়েই শুরু হয় বিশ্ব জয়ের প্রচেষ্টা। এই পরিস্থিতিতে দাড়িয়েও আমরা এমন কিছু মহীয়সী নারীকে আমাদের সমাজে পেয়েছি যেমন — মাতঙ্গিনী হাজরা, প্রীতিলতা ওয়াদ্দেদার, কল্পনা দত্ত, লক্ষ্মী সাইগল, ঝাঁসির রানী লক্ষ্মীবাঈ, কনকতলা বড়ুয়া, সরোজিনী নাইডু প্রমুখ যারা তাঁদের নিজস্ব জীবনের নানা চাওয়া পাওয়া ও সামাজিক প্রতিবন্ধকতাকে দুরে ঠেলে দিয়ে এই নৃশংস ব্রিটিশ শাসনের বিরুদ্ধে লড়াইয়ে পুরুষদের মতোই সমকক্ষতা লাভ করেছে গোটা দেশবাসীর নজরে। তাঁদের মধ্যে এমনই একজন হলেন মাতঙ্গিনী হাজরা যিনি বার্ধক্য তথা যাবতীয় সামাজিক বিধি নিষেধের গন্ডি পেরিয়ে স্বদেশপ্রেমের টানে আত্মবিসর্জন দিয়েছিলেন।

মাতঙ্গিনী হাজরা ছিলেন ভারতের স্বাধীনতা আন্দোলন-এর অংশ গ্রহণকারী এক মহান বিপ্লবী নেত্রী। তাঁর নেতৃত্বে ১৯৪২ খ্রিস্টাব্দে ভারত ছাড়ো আন্দোলন অত্যন্ত শক্তিশালী হয়েছিল। তিনি গান্ধী বুড়ি নামে পরিচিত ছিলেন।

১৮৭০ খ্রিঃ মেদিনীপুর জেলার তমলুক গ্রামে এক দরিদ্র কৃষক পরিবারে জন্মগ্রহণ করেন তিনি। দারিদ্রতার কারণে তিনি শিক্ষার সুযোগ পাননি। তারপর তাঁর অল্প বয়সে বিয়ে হয়ে যায় এবং মাত্র ১৮ বছর বয়সে তিনি নিঃসন্তান অবস্থায় বিধবা হন।

সেই সময়ে আমাদের দেশের বহু মানুষ ছিল যারা ব্রিটিশ শাসনকে চিরাচরিত শাসন হিসেবে গ্রহণ করতে প্রস্তুত ছিল। বিভিন্ন শারীরিক ও মানসিক নিপীড়নের পরেও তারা সেই শ্বেতাঙ্গদের নিয়মিত তোষামদ করে চলতো। কিন্তু এমন পরিস্থিতির মধ্যে দাড়িয়েও মাতঙ্গীনি হাজরা একজন বিধবা নারী হিসেবে নিজের আত্মমর্যাদাবোধকে বিসর্জন না দিয়ে সাধারণ দেশবাসীর জন্য ও দেশমাতৃকার জন্য এই বিপ্লবের পথে অগ্রসর হন। এছাড়া সেই সময়ে সমাজে নারীদের ওপর হওয়া নানা অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ গড়ে তুলে সমাজে নারী আন্দোলনের এক নতুন দৃষ্টান্ত স্থাপন করেন তিনি।

এখান থেকেই মাতঙ্গিনীর বিপ্লবী জীবন শুরু হয়। ১৯০৫ খ্রিস্টাব্দে বঙ্গ ভঙ্গ বিরোধী আন্দোলনে তিনি যোগদান করেন। তারপর তিনি ১৯৩২ খ্রিস্টাব্দে আইন অমান্য আন্দোলনে যোগ দেন। এবং সেইসময় লবণ আইন অমান্য করে কারারুদ্ধ হন। মুক্তিলাভের পর তিনি আবার অন্যান্য আন্দোলনে যোগদান করেন এবং সক্রিয় ভূমিকা পালন করেন। যার ফলে তিনি প্রায়ই কারারুদ্ধ হতেন এটা ছিল এমন একটা সময় যখন মেয়েরা ছিল পুরোপুরি গৃহবন্দি। তাদের শিক্ষার সুযোগ ছিল না, নিজস্ব মতামত প্রকাশেরও সুযোগ ছিল না। কিন্তু এমন অবস্থায় থেকে তিনি ব্রিটিশদের বিরুদ্ধে আন্দোলন করেছিলেন যা তাঁর অতুলনীয় সাহসিকতার পরিচয় দেয়।

তাঁর এই সাহসিকতার জন্য তিনি কংগ্রেস-এর সদস্যপদ লাভ করেন এবং কংগ্রেস অধিবেশনে যোগ দিয়ে পুলিশের লাঠিচার্জ-এ আহত হন।

তিনি একজন সংগ্রামীর পাশাপাশি ছিলেন সমাজসেবী। বিশেষত অস্পৃশ্যদের সামাজিক অবস্থার উন্নয়নে মাতঙ্গিনীর ভূমিকা ছিল বিশেষ গুরুত্বপূর্ণ। এছাড়া তিনি অসুস্থ, নিপীড়িত মানুষদেরও সেবা করেছেন।

বারংবার কারারুদ্ধ ও লাঠি চার্জের ফলে তার সাস্থের অবনতি হয় কিন্তু তাও তিনি আন্দোলন থেকে পিছুপা হননি। ১৯৪২ খ্রিস্টাব্দে ভারত ছাড়ো আন্দোলনে তিনি সক্রিয়ভাবে অংশ গ্রহণ করেন এবং তাঁর নেতৃত্বে বহু নারীরাও আন্দোলনে যোগদান করে। এই সময় কংগ্রেস-এর সদস্যরা মেদিনীপুর জেলার সকল থানা দখল করে নিয়ে সেখান থেকে ব্রিটিশ শাসন উচ্ছেদ করে এখানে স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা করার পরিকল্পনা করে। প্রধানত মহিলা স্বেচ্ছাসেবক সহ ৬ হাজার সমর্থক তমুলক থানা দখলের উদ্দেশ্যে মিছিল করেন ২৯শে সেপ্টেম্বর। এই আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন ৭৩ বছরের মাতঙ্গিনী হাজরা। পুলিশ ১৪৪ ধারা জারি করেন আন্দোলন ঠেকাতে। কিন্তু তিনি পুলিশের প্রতিরোধ উপেক্ষা করে এগিয়ে যান। এরপর আবারও তাঁর ওপর গুলিবর্ষণ করা হয়। শেষপর্যন্ত তিনি  মৃত্যুবরণ করেন।

মাতঙ্গিনী হাজরার মৃত্যু বা স্বাধীনতা সংগ্রামে তাঁর অবদান তমলুক আন্দোলনকে প্রতিরোধ করতে পারেনি। তাঁর এই জীবনী ও আত্মত্যাগ তমলুক সহ দেশের সমস্ত নারীদের উদ্বুদ্ধ করেছে। মাতঙ্গিনী হাজরা বার্ধক্যকে নিজের দুর্বলতা হিসেবে না দেখে নিজেকে দেশের স্বার্থে উজাড় করে দিয়েছেন। স্বাধীনতা আন্দোলনে প্রাণ ত্যাগ নিশ্চিত এটা জানার পরেও তিনি স্বদেশকে স্বাধীনের জন্য যে প্রতিজ্ঞাবদ্ধ হয়েছিলেন তার থেকে পিছু পা হননি। এখনও আমাদের সমাজে এমন বহু নারী আছে যাদের কাছে শিক্ষার আলো এখনও পর্যন্ত সেভাবে পৌঁছায়নি বা যারা প্রতিনিয়ত কোনো না কোনো শারীরিক কিংবা মানসিক নির্যাতনের শিকার হয় এইসকল নারীদের কাছে মাদঙ্গিনী হাজরা একজন মহীয়সী নারী হিসেবে উল্লেখযোগ্য অনুপ্রেরণা। নিজের মাতৃভূমিকে স্বাধীন করার প্রচেষ্টায় তার এই অনুতলনীয় লড়াই এবং আত্মবলিদান ইতিহাসের পাতায় তাকে চিরকাল অমর করে রেখেছে। আজও ভারতছাড়ো আন্দোলনের কথা স্মরণ করলে আমাদের গর্ববোধের অন্যতম কারণ হয় এইসকল স্বাধীনতা সংগ্রামী পুরুষদের পাশাপশি মাতঙ্গিনী হাজরার মত বীরাঙ্গনা নারীদের অবদান। এছাড়াও এই আন্দোলন স্বদেশ রক্ষার পাশাপাশি সমাজে প্রচলিত ঐতিহ্যবাহী পুরুষতান্ত্রিকতার বিরুদ্ধে নারীদের সকল ক্ষেত্রে উন্নয়নের প্রচেষ্টায় এক অন্যতম উজ্জ্বল দৃষ্টান্ত।

# Pioneering Women Worriors: Their Indelible Impact on India’s Freedom Movement




FAISAL HASAN
SEMESTER-6

# INTRODUCTION:

While the Indian freedom struggle is often associated with male leaders such as Mahatma Gandhi, Jawaharlal Nehru, and Subhash Chandra Bose, it is important to acknowledge the crucial role that women played in this historic movement.

From the early 1900s to 1947,women across India joined the freedom movement, despite facing tremendous societal pressure and discrimination. They fought for their right as equal citizens of india, and their contributions were instrumental in securing the country's independence from British colonial rule.
I would like to highlight some of the key women leaders and their role in India's freedom struggle. I will also discuss the challenges they faced and the impact of their efforts on the large movement for independence.



## Specifications

1. Rani Lakshmibai of Jhansi - Rani Lakshmibal, also known as the "Rani of Jhansi," was one of the prominent female leaders during the 1857 uprising, known as the First War of Indian Independence. She fought valiantly against the British force and led her troops in the battle of Jhansi, Her brave and fierce resistance against the British rule made her a symbol of courage and patriotism among Indians.

2.Sarojini Naidu Sarojini Naidu was a poet, politician, and freedom fighter who actively participated in the struggle for India's independence. She was the first Indian women to Become the President of the Indian National Congress and also played a crucial role in organizing the Dandi  March, a significant event in India's Freedom movement led by Mahatma Gandhi.

3.Annie Besant- Annie Besant was a British women who came to India and actively participated in the freedom struggle. She joined the Indian national Congress and worked towards promoting the cause of India's independence. She also played a crucial role in the Home Rule Movement and the establishment of the All India Home Rule League.

4.Kamala Nehru- Kamala Nehru was the wife of Jawaharlal Nehru, India's first Prime Minister; and was an active participant in the freedom struggle. She was involved in Organising and leading protests and Boycotts against British rule,and also worked towards improving the Status of women in indian society.

5. Bhikaji Cama-was a Prominent freedom fighter and a leading figure in the Indian Independence movement. She was known for her fiery speeches and active participation in protests against British rule. She also designed the first version of the Indian National flag,
which was Hoisted at an international socialist Conference in Stuttgart, Germany, in 1907.

6. Begum Hazrat Mahal - Begum Hazra Mahal was a prominent Figure During the 1857 uprising against British rule. She was the wife of Nawab Wajid Ali Shah of Awadh and Played a crucial role in organizing and leading the rebellion against the British force. She also actively participated in the political activities of the Indian National Congress and was known for her efforts to promote the cause of Indian Independence.

7.Usha Mehta - Usha mehta was a prominent freedom fighter and a key member of the Quit India Movement. She played a  crucial role in Organising underground radiob roadcasting to spread the message of the freedom struggle and motivate people to join the movement against British rule.

8. Matangini Hazra - Matangini Hazra was a fearless freedom fighter who actively participated in the Non- Cooperation Movement, Civil Disobedieence Movement, and Quit India Movement. She was known for leading protests and demonstrations against the British rule and was killed while leading a procession during the Quit India Movement.

9. Aruna Asaf Ali- Arun Asif Ali was a prominent freedom fighter and a leading figure in the Quit India Movement. She played a crucial role in organizing protest and demonstrations against British Rule and was known for her fearless leadership. She hoisted the Congress flag at the Gowalia Tank Maidan during the Quit India Movement in 1942, despite the risk of being arrested by the British Authorities.

10. Sucheta Kriplani- Sucheta Kriplani was a prominent freedom fighter and the first woman Chief Minister of Uttar Pradesh. She actively participated in the Freedom Movement

Women played a significant role in India's freedom struggle against British colonial rule. They participated in various forms of resistance and contributed significantly to the fight for Independence. Here are some key Aspects of women's role in India's freedom struggle:



1. Political participation:
Women actively participated in political Movements and organizations during the freedom struggle. Prominent Women leaders such as Sarojini Naidu, Annie Besant, Kamala Nehru, and Aruna Asaf Ali were at the forefront of the fight for Independence and worked alongside male leaders like Mahatma Gandhi, Jawaharlal Nehru, and Subhash Chandra Bose.

2. Civil disobedience and non-violent Protests:
Women participated in Civil Disobedience movements and non-violent protests organized by the Indian National Congress and other Political organizations. They joined Boycotts of British goods, picketed Liquor shops, and demonstrated against repressive laws such as the Rowlatt Act and the Salt Act.

3. Underground activities: Women were also involved in underground activities such as distributing Pamphlets, organizing secret Meetings,and providing support to Revolutionaries. Many women were associated with revolutionary group like the Hindustan Socialist Republican Association (HSRA) and actively participated in armed struggles against British rule.



4. Women's organizations: Several Women's organization were formed during the freedom struggle, such as the all India Women's Conference(AIWC),Women's Indian Association (WIA), and National Federation of Indian Women (NFIW), which played a critical role in mobilizing women and a devocating for their rights.

5.Social and cultural movements: Women also participated in social and cultural movements that aimed at bringing about social reform and such as sati (widow burning), child marriage, and purdah (seclusion of women). Leaders like Rukmini Devi Arundale,Ramabai Ranade, and Fighting against oppressive practices Pandita Ramabai were instrumental in these efforts.

6. Role in the Quit India Movement: During the Quit India Movement of 1942, women played a vital role in organizing protests, strikes,and acts of civil disobedience. Many women were arrested, jailed, and even killed during the movement.

7.Contributions as writers and Journalists: Women also contributed to the freedom struggle through their writings and journalism. Prominent women writers such as Sarojini Naidu, Kamala Das, and Kasturba Gandhi used their literary skills to Mobilize support for the freedom movement and highlight the plight of indian women under colonial rule.

Women's participation in India's Freedom struggle was significant, desp[ite facing numerous challenges and societal barriers. Their contributions helped shape the movement and played a crucial role in achieving India's independence in 1947.Today, their legacy continues to inspire and service as a reminder of the indomitable spirit of indian women.

# TOP 25 POPULAR
# WOMEN FREEDOM FIGHTERS OF INDIA



Rani Lakshmi Bai


Sarojini Naidu


Kasturba Gandhi



Kamala Nehru


Jhalkari Bai


Begum Hazrat Mahal


Kittur Rani Chennamma


Rani Gaidinliu


Matangini Hazra


Uda Devi


Moolmati


Aruna Asaf Ali


Kanaklata Barua


Tara Rani Srivastava


Madam Bhikaiji Cama



Annie Besant


Captain Laxmi Sehgal


Ammu Swaminathan


Umabai Kundapur


Sucheta Kriplani


Kammaladevi Chattopadhyat


Vijayalakshmi Pandit


Savitri Bai Phule


Begum Royeka



Durga Bai Deshmukh

# PORTRAITS :


ঝাঁসিররানী লক্ষ্মীবাঈ


মাতঙ্গিনী হাজরা


NAME - SHRUTI DAS
COLLEGE ROLL-62
SEMESTER - 4TH
DEPARTMENT - HISTORY HONOURS


THE FORGOTTEN SAVIOURS OF INDIA
Rani Lakshmi Bai
Begum Hazrat Mahal
Rani Velu Nachiyar
Matangini Hazra
Basanti Devi
Kamla Nehru
Usha Mehta
Neena Arya
Sarojini Naidu
Aruna Asaf Ali
And many more....
Name: Parveen Khatun
Roll : 43 Sem : IV
Dept: History Hons


MATANGINI HAZRA
Fondly known as Gandhi Buri, she led the Tamluk Rebellion during the Quit India Movement. She kept marching ahead with the national flag until she was repeatedly shot and killed.


sibani Tudu
Roll:11
4th semester


INDIA'S WOMEN - UNSUNG HEROES
OF OUR FREEDOM STRUGGLE

## Educational Tour And Data Collection :
## INDIAN MUSEUM & VICTORIA MEMORIAL













Gold : 87/C 2194
Kanishka I (Kushana)
(C. 78-100/101 C.E.)







